'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৩৫ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ ০৭/০৪/২০২২, বেলা- ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ- ২ সহ উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে নিম্নরূপ সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সংশোধনী- (১) উপজেলা প্রকৌশলী, দিরাই বলেন- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্প বাছাই কমিটির ক্রমিক নং- ২৬ এ গৃহীত প্রকল্পটি হচ্ছে "রাজানগর ইউনিয়নের সিরিয়ারচর গ্রামের শীবতলা গাছের বাউন্ডারি ওয়াল, গেইট এবং পাকা ঘাট নির্মাণ" নামে লিখা হয়েছে। প্রকল্পটির বরাদ্দ ৩.৩০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন পদ্ধতি হচ্ছে পিআইসি। যা প্রকৃত পক্ষে হওয়ার কথা ছিল (ক) সিরারচর কুরের ঘাট নির্মাণ এবং (খ) সিরারচর মহাদেব বাড়ির বাউন্ডারি ওয়াল ও গেইট নির্মাণ। উক্ত প্রকল্প দুটি বাস্তবায়নের পদ্ধতি এবং বরাদ্দ অপরিবর্তিত রেখে শুধুমাত্র নাম সংশোধনের জন্য অনুরোধ জানানো হয়। উপরোক্ত সংশোধনী বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়; উপরোক্ত সংশোধনী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) উপজেলা পরিষদের প্রকল্প গ্রহণ ও বাছাই কমিটির প্রতিবেদন পর্যালোচনা ঃ | উপজেলা প্রকৌশলী, দিরাই উপজেলা প্রকল্প বাছাই কমিটির ৩১/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সহ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য গত ৩১/০৩/২০২২ তারিখে প্রকল্প বাছাই কমিটির সভা আহবান করা হয়। উক্ত সভায় প্রকল্প সমূহ যাচাই বাছাই করে সর্বসম্মতিক্রমে প্রকল্প তালিকা চুড়ান্ত করা হয়। উক্ত প্রকল্প তালিকা বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়। দাখিলকৃত প্রতিবেদন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত/সুপারিশকৃত ২০২২-২০২৩ অর্থ বছরে প্রাপ্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ)র আওতায় প্রস্তাবিত সকল প্রকল্প বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে বাস্তবায়নের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ'। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই। |
| (৩) উপজেলা পরিষদের দরপত্র সমূহ অনুমোদন সংক্রান্ত ঃ | উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৫/২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর (LTM) পদ্ধতিতে আহবানকৃত দরপত্রের লটারী বিগত- ৩০/০৩/২০২২ তারিখে বেলা- ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপস্থিত ঠিকাদারদের সামনে অনুষ্ঠিত হয়। উক্ত লটারীতে ১০টি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারদের দরপত্র অনুমোদনের জন্য সভায় ঠিকাদারের তালিকা উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে নির্বাচিত ঠিকাদারের দরপত্র সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদ প্রদান করা হয়। অনুমোদিত ঠিকাদারের তালিকা পরিশিষ্ট 'ঘ'। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই। |
| (৪) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত মার্চ/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ : | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ২৮,৮৭,৪১৯/১৮ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ফেব্রুয়ারি/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ৩৬,৮৩০/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের ফেব্রুয়ারি/২২ | ৩৩,৩০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | মাসের বেতন | |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৭,০৮,০৭৮/- | ৩ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের ফেব্রুয়ারি/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৭৫২/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের গাড়িচালকের ফেব্রুয়ারি/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৪৪৭/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ৬ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান | ১২,০০০/- |
| | | | ৮ | উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনের সামনে আনসার চেকপোস্টে বিদ্যুতায়ন এবং রং কাজের বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | ৯ | উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনের রং কাজের বিল প্রদান | ২৫,০০০/- |
| | মার্চ/২২ মাসের আয়- | ৭,৪৪,৯০৮/- | | ফেব্রুয়ারি/২২ মাসের মোট ব্যয়- | ২,৩২,৪৯৯/- |
| | সর্বমোট আয়- | ৩৬,৩২,৩২৭/- | | সর্বমোট ব্যয়- | ২,৩২,৪৯৯/- |
| সমাপনী স্থিতি= ৩৩,৯৯,৮২৮/১৮ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত মার্চ/২০২২ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই, এর পতিনিধি বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: পরবর্তী সভায় তিনি উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা<br>পরিবার প<br>কর্মকর্তা, |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র<br>মৎস্য ক<br>দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রাণিসম্পদ অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগাম বন্যার পরপর যে সমস্যাটি বেশি পরিলক্ষিত হয় তা হলো গবাদি পশুর গুখাদ্য সংকট এবং ক্ষুরা রোগ সহ অন্যান্য রোগ বালাই। তাই বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেল<br>সম্পদ<br>দিরাই |

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| প্রকল্প বাস্ত বায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাতঃ পরবর্তী সভায় তাঁর দাপ্তরিক বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমাজসেবা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা গেল না।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার জনস্বাস্থ্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান চলতি বছরে কৃষকের অ্যাপের মাধ্যমে সহজেই প্রতি মণ ধান ১০৮০/- টাকা দরে সরকারি গুদামে কৃষক ধান বিক্রয় করতে পারবেন। এক্ষেত্রে কৃষক অ্যাপের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। উক্ত কার্যক্রম আগামী ২৮ এপ্রিল ২০২২ হতে ৩১ আগস্ট ২০২২ পর্যন্ত চালু থাকবে। এ বিষয়টি বহুল প্রচারের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ প্রকৃত কৃষকগণ জাতে গুদামে ধান বিক্রি করতে পারেন সেই দিবে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানান। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা গেল না। বিস্তরিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার. দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপন করেন। তিনি বলেন তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভার দৃষ্টি আকর্ষণ করে জানান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষর মান উন্নয় সংক্রান্ত কোন সভা অধ্যবধি হয় নাই। তাই শিক্ষার মান উন্নয়ন করার লক্ষ্য দ্রুত উক্ত কমিটি কার্যক্রম চালু করার জন্য অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালুনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। ইংরেজি ও গণিত বিষয়ে অধিক গুরুত্বের সঙ্গে পাঠদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, |

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয় অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| আমার বাড়ি আমার খামাড় প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা সমন্বয়কারি, আমার বাড়ি আমার খামাড় প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই সভায় 'আমার বাড়ি আমার খামার' প্রকল্পের ও পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন তাঁর অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমন্বয়কারি, আমার বাড়ি আমার খামাড় প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, দিরাই/ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরা |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে আবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান উজান থেকে আসা পাহাড়ি ঢল এবং অতিবৃষ্টির কারনে সৃষ্ট আগাম বন্যার দরুন অত্র উপজেলার চাপতির হাওরে বোর ধান পানিতে তলিয়ে গেছে। সংশ্লিষ্ট সকল এবং এলাকাবাসি সহ অনেক কষ্ট করেও হাওরের বাঁধ রক্ষা করা যায়নি। বর্তমানে ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রনোদনার আওতায় আনার জন্য উপস্থিত মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ- ২ মহোদয়ের দৃষ্টি আকার্ষণ করেন। চলতি বোর মৌসুমে এই উপজেলায় ১৩টি কম্বাইন্ড হারবেষ্টার মেশিন প্রদান করা হয়েছে সরকারের ৭০% ভর্তুকি বরাদ্দ হতে। এখনো যদি আগ্রহী কোন কৃষক থাকেন তা হলে তারা আবেদন করলে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সহ তা মন্ত্রণালেয় প্রস্তাব প্রেরণ করা যাবে এবং আশা করা যায় যে সরকার মেশিন বরাদ্দ দেবেন। চেয়ারম্যান উপজেলা পরিষদ মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ-২ এর সদয় দৃষ্টি আকর্ষণ করে বলেন এই উপজেলার সকল ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসনের জন্য সরকার বাহাদুরের উচ্চ মহলে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা প্রনয়ণ করে তা মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ-২ সহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার,দিরাই। |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | (ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প ( পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |

| ক্রং নং | কার্যক্রম | লক্ষমাত্রা (প্রতিমাসে) | অর্জিত লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | তথ্যকেন্দ্র | ৩৮০০জন | ৩৮০০জন | কার্যক্রম চলমান |
| ০২. | ডোর টু ডোর এবং উঠান বৈঠক | ২০,০০০ জন | ২০,০০০ জন | কার্যক্রম চলমান |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্লকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |

| | | |
|---|---|---|
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |
| | অন্যান্য সেবা সমূহ : | |
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেটে ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। | |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। | |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। | |

**সিদ্ধান্ত ঃ** তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির কর্মপরিধি বৃদ্ধি করার জন্যঅনুরোধ করা হয়।

| | | |
|---|---|---|
| (৫) বিবিধ ঃ | (ক) চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউনিয়ন পরিষদ, দিরাই সভায় জানান তার ইউপিস্থ শুকুরনগর হইতে সরমঙ্গল খেয়াঘাট পর্যন্ত রাস্তাটি ভাঙ্গা এবং রাস্তার উপর ড্রেনটি ভাঙ্গা। যে কোন সময় সড়ক দূর্ঘটনা ঘটতে পারে তা জরুরি ভিত্তিতে জনস্বার্থে মেরামত করা জন্য সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ-২ কে অনুরোধ জানান। তিনি আরও জানান অত্র উপজেলা সকল স্তরের শিক্ষা ব্যবস্থার আরও উন্নতি করতে হবে। শিক্ষার মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলের মনিটরিং বৃদ্ধি করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** জনস্বার্থে শুকুরনগর হইতে সরমঙ্গল খেয়াঘাট পর্যন্ত রাস্তাটি ও রাস্তার উপরের ড্রেনটি মেরামত বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জানান বিগত ২৩/০৩/২০২২ তারিখে দিরাই পৌরসভাস্থ দোওজ গ্রামের সর্বজনাব (১) আনোয়ার সাদাত, পিতা- মৃত আজিনুর রহমান, (২) মতিউর রহমান, পিতা- মৃত তেরাব উল্ল্যাহ, (৩) হাবিবুর রহমান, পিতা- মৃত তেরাব উল্ল্যাহ, (৪) রেহেনা বেগম, পিতা- মৃত সাঞ্জব উল্ল্যাহ এর বাড়িতে অগ্নিকান্ডের ফলে বসত ঘরসহ সকল প্রকার আসবাবপত্র সমূহ পুরে ছাই হয়ে যায়। এই অগ্নিকান্ডের ফলে তাদের আর্থিক অনুদান হিসেবে প্রত্যেক কে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** দিরাই পৌরসভাস্থ দোওজ গ্রামের সর্বজনাব (১) আনোয়ার সাদাত, পিতা- মৃত আজিনুর রহমান, (২) মতিউর রহমান, পিতা- মৃত তেরাব উল্ল্যাহ, (৩) হাবিবুর রহমান, পিতা- মৃত তেরাব উল্ল্যাহ, (৪) রেহেনা বেগম, পিতা- মৃত সাঞ্জব উল্ল্যাহ এর বাড়িতে আকস্মিক অগ্নিকান্ডের ফলে ক্ষতিগ্রস্তদের মাঝে আর্থিক অনুদান হিসেবে তাদের প্রত্যেক কে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ- ২ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন পাহাড়ী ঢল এবং অতিবৃষ্টিজনিত কারণে সৃষ্ট আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসরেন জন্য সরকারের নিকট প্রস্তাব প্রেরণ করা হবে। তাই দ্রুত সময়ের মধ্যে ক্ষাতগ্রস্ত কৃষকের তালিকা প্রনয়ন করার জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানান। তিনি আরও জানান ভর্তুকি মূলে কৃষি যন্ত্রপাতি প্রদানের তালিকা যাতে যথাযথ নিয়মে করা হয় সেই দিকে সজাগ দৃষ্টি করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই কে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** দ্রুত সময়ের মধ্যে ক্ষাতগ্রস্ত কৃষকের তালিকা প্রনয়ন করার জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| | (ঘ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় জনাব আশরাফ হোসেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলঅধিদপ্তর, দিরাই এর আবেদনখানা সভায় উপস্থাপন করেন। আবেদন দৃষ্টে দেখাযায় বিগত ০৫/০৪/২০২২ তারিখে বজ্রপাতের কারনে উপজেলা পরিষদের মালিকানাধীন ডরমিটরি ভবনের একটি ফ্যান নষ্ট হয়েযায়। তা মেরামত করতে মোট- ১২০০/- (এক হাজার দুইশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিগত ০৫/০৪/২০২২ তারিখে বজ্রপাতের কারনে উপজেলা পরিষদের মালিকানাধীন ডরমিটরি ভবনের একটি নষ্ট ফ্যান মেরামত কাজে ব্যয়িত- ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৭/৪/২২

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-১৪(৫০)

তারিখ ঃ ০৭/০৪/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ------------------------------------------------------------------------- অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

০৭.০৪.২২

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। ড. জয়া সেনগুপ্তা, মাননীয় সংসদ সদস্য সুনামগঞ্জ- ২।<br>০২। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৩। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৫। মেয়র, দিরাই পৌরসভা।<br>০৬। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৮। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৯। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>১০। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>১১। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>১২। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>১৩। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>১৪। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৯। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>১৪। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৫। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৬। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ(কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই। | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৪। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই।<br>০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |